**Hackney**

# সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি

## নাইটিংগেল প্রাইমারি স্কুলকে 1 ফর্ম এন্ট্রি (1FE) থেকে 2 ফর্ম এন্ট্রিতে(2FE) সম্প্রসারিত করার প্রস্তাব

হ্যাকনি কাউন্সিল, এডুকেশন এবং ইন্সপেকশন আইনের ধারা 19(1) অনুসারে এবং DfE নির্দেশিকা "বিদ্যালয় পরিচালনা করতে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধন ('নির্দিষ্ট পরিবর্তন')– প্রস্তাবকারী এবং সিদ্ধান্ত গ্রহণকারীর জন্য বিধিবদ্ধ নির্দেশিকা জানুয়ারি 2023'-এর প্রতি সম্মান জানিয়ে এই প্রস্তাবগুলি প্রকাশিত করেছে।

এই বিজ্ঞপ্তিটি একটি পৃথক বিজ্ঞপ্তির সাথে সম্পর্কিত যেখানে বাডেন পাওয়েল প্রাইমারি স্কুল এবং নাইটিংগেল প্রাইমারি স্কুলকে সংযুক্ত করতে এবং বাডেন পাওয়েল প্রাইমারি স্কুল বন্ধ করতে কাউন্সিলের প্রস্তাব দেওয়া হয়েছে। এটি https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals-এ পাওয়া যাবে। এই বিজ্ঞপ্তিগুলি 2023 সালের একটি আলোচনার পর প্রকাশ করা হয়েছে। প্রস্তাবিত পরিবর্তনগুলি 31 আগস্ট 2024 থেকে কার্যকর হবে।

বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলের সমস্ত শিশুদের Tiger Way, London E5 8NA- ঠিকানার নাইটিংগেল প্রাইমারি স্কুলে ভর্তি হওয়ার প্রস্তাব দেওয়া হবে। নাইটিংগেল প্রাইমারি স্কুলকে ওয়ান ফর্ম এন্ট্রি স্কুল (প্রতি বছর 30 জন শিশু) থেকে টু ফর্ম এন্ট্রি স্কুলে (প্রতি বছর 60 জন শিশু) সম্প্রসারিত করা হবে। সমস্ত বর্ষ জুড়ে ভর্তির সংখ্যা মোট 420 জন হবে বলে পরিকল্পনা করা হয়েছে।

এই প্রস্তাবটি (নাইটিংগেল প্রাইমারি স্কুলের 1FE থেকে 2FE-তে সম্প্রসারণের প্রস্তাব) 6 অক্টোবর 2023 সালে প্রকাশিত হয়েছে। এই প্রস্তাবটি প্রকাশিত হওয়ার চার সপ্তাহের মধ্যে যে কোনও ব্যক্তি https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals ওয়েবসাইটে গিয়ে অথবা schoolsufficiency@hackney.gov.uk ঠিকানায় ইমেইল পাঠিয়ে কোনও ব্যক্তি তার আপত্তি বা মন্তব্য জানাতে পারেন।

স্কুল সাফিসিয়েন্সি অ্যান্ড এস্টেটস টিম
হ্যাকনি কাউন্সিল
হ্যাকনি সার্ভিস সেন্টার
1 Hillman Street
London
E8 1DY

উপস্থাপনার মেয়াদের প্রতিক্রিয়া গ্রহণের শেষ তারিখ 3রা নভেম্বর 2023 বিকাল 5pm পর্যন্ত। 2023 সালের ডিসেম্বর মাসে উপস্থাপনার মেয়াদ শেষ হলে কাউন্সিলের ক্যাবিনেট মিলিত হয়ে বাডেন পাওয়েল প্রাইমারি স্কুল এবং নাইটিংগেল প্রাইমারি স্কুলকে একত্রিত করা হবে কীনা সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। এই বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ প্রস্তাবটির একটি সারসংক্ষেপ। সম্পূর্ণ প্রস্তাবটির অনুলিপি এখানে দেখতে পারেন: https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals. আপনার যদি এটির কাগজে মুদ্রিত একটি অনুলিপির প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে এই ইমেইল ঠিকানার মাধ্যমে যোগাযোগ করুন: schoolsufficiency@hackney.gov.uk.

এই নথিটি নিম্নলিখিত ভাষায় অনুবাদ করা হয়েছে: বাংলা, তুর্কি, পর্তুগিজ, স্লোভাক ও স্প্যানিশ। যে পরিবারগুলির অতিরিক্ত একটি ভাষা হল ইংরেজি তাদের প্রয়োজন পূরণ করা নিশ্চিত করতে এই ভাষাগুলির প্রয়োজন হবে। পূর্ববর্তী পরামর্শের সময়কালে প্রভাবিত স্কুলগুলি এইগুলি চিহ্নিত করেছে। অনুবাদ করা সংস্করণগুলি এখানে দেখা যাবে: https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals. আপনার যদি এই নথিটির অন্য কোনও ভাষায় অনুবাদ পাওয়ার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সঙ্গে schoolsufficiency@hackney.gov.uk ঠিকানায় ইমেইলের মাধ্যমে করে যোগাযোগ করুন।

David Court (ডেভিড কোর্ট)
ইন্টেরিম অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর স্কুল এস্টেট স্ট্র্যাটেজি

প্রকাশনার তারিখ: 06 অক্টোবর 2023

Hackney

# সম্পূর্ণ বিধিবদ্ধ প্রস্তাবটি নাইটিংগেল প্রাইমারি স্কুলকে 1 ফর্ম এন্ট্রি(1FE) থেকে 2 ফর্ম এন্ট্রিতে(2FE) সম্প্রসারিত করবে।

**1. যোগাযোগ করার বিশদ (প্রস্তাবকারীর নাম এবং ঠিকানা):**

হ্যাকনি কাউন্সিল
হ্যাকনি সার্ভিস সেন্টার
1 Hillman Street
London
E8 1DY
টেলিফোন: 020 8356 3000
ইমেইল: schoolsufficiency@hackney.gov.uk

**নির্ধারিত পরিবর্তনগুলি যে স্কুলে ঘটবে তার নাম এবং ঠিকানা:**

নাইটিংগেল প্রাইমারি স্কুল (কমিউনিটি স্কুল).
Tiger Way, London, E5 8NA
টেলিফোন: 020 8985 4259
ইমেইল: eibrahim@nightingale.hackney.sch.uk

**2. পরিবর্তনের বিবরণ এবং চাহিদার প্রমাণ**

হ্যাকনি আগামী 01 সেপ্টেম্বর 2024 তারিখ থেকে Tiger Way, London E5 8NA ঠিকানায় অবস্থিত নাইটিংগেল প্রাইমারি স্কুলে শিক্ষার্থী বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। 31শে অগাস্ট 2024 তারিখে বাডেন পাওয়েল প্রাইমারি স্কুল বন্ধ হবে। বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলের শিশুদের নাইটিংগেল প্রাইমারি স্কুলে ভর্তির প্রস্তাব দেওয়া হবে। নাইটিংগেল ওয়ান ফর্ম এন্ট্রি স্কুল (30 জন শিশু ভর্তি হয়) থেকে টু ফর্ম এন্ট্রি স্কুলে (60 জন শিশু ভর্তি হয়) পরিবর্তিত হবে। প্রাথমিক স্তরে ভর্তির চাহিদা কমে যাওয়া এবং এর সাথে হ্যাকনির প্রাইমারি স্কুলগুলিতে, এবং সামগ্রিকভাবে পুরো লন্ডন জুড়ে প্রাইমারি স্কুলগুলিতে অনেক কম শিক্ষার্থীর উপস্থিতির দরুন পরিবর্তনটির প্রস্তাব করা হয়েছে।

হ্যাকনির প্রাইমারি স্কুলগুলিতে বর্তমানে 600-এরও বেশি রিসেপশন স্কুলের আসন খালি আছে। স্কুলে শিক্ষার্থীর সংখ্যা কম থাকার অর্থ হল স্কুল পরিচালনার খাতে সরকারি অর্থায়নও কম হবে। ফলে সময়ের সঙ্গে সঙ্গে স্কুলের উপরে আর্থিক চাপ সৃষ্টি হবে। হ্যাকনির প্রাইমারি স্কুলগুলিতে শিক্ষার্থীর সংখ্যা কমার দরুন এই সংযুক্তির প্রস্তাব দেওয়া হচ্ছে।

কাউন্সিলের উদ্দেশ্য হলো বরোতে সমস্ত স্কুল বয়সী শিশুদের জন্য উচ্চ মানের স্কুল প্রদান করা। প্রাইমারি স্কুলগুলিতে শূণ্য আসনের সংখ্যা কমানোর জন্য পদক্ষেপ নেওয়া না হলে, শিক্ষার্থী কমতে থাকা স্কুলগুলি কমতে থাকা সংস্থান এবং অর্থের দরুন প্রভাবিত হবে। লন্ডন কাউন্সিল সারা লন্ডন জুড়ে শিক্ষার্থী কমতে থাকার বিষয়ে আরও তথ্য প্রকাশ করেছে যা এখানে পাওয়া যাবে: https://www.londoncouncils.gov.uk/our-key-themes/children-and-young-people/education-and-school-plac es/managing-surplus-school-places

**3. উদ্দেশ্য (কীভাবে প্রস্তাবটি শিক্ষার মান এবং মাতাপিতার বিকল্প বৃদ্ধি করবে সেটি সহ)**

কাউন্সিলটির সংবিধিবদ্ধ দায়িত্ব আছে যে তাদের নিশ্চিত করতে হবে যেন এটির এলাকার মধ্যে যথেষ্ট পরিমাণে স্কুল রয়েছে। হ্যাকনিতে বর্তমানে 600-এরও বেশি স্কুলের আসন খালি আছে। 31 আগস্ট 2024-এর মধ্যে শূন্য স্থানগুলির সংখ্যা কমানোর প্রস্তাবগুলি নিয়ে কাউন্সিল আলোচনা করেছে, আর তা করা হবে এগুলির মাধ্যমে:

- দুটি প্রাইমারি স্কুল (দ্য বঁভুয়া এবং র‍্যান্ডাল ক্রেমার প্রাইমারি স্কুল) বন্ধ করার মাধ্যমে এবং;
- চারটি স্কুলের সংযুক্তি ঘটিয়ে দুটি স্কুল তৈরি করার মাধ্যমে (বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলের সাথে নাইটিংগেল প্রাইমারি স্কুল এবং কলভেস্টোন প্রাইমারি স্কুলের সাথে প্রিন্সেস মে প্রাইমারি স্কুল)।

এই সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি এবং সম্পূর্ণ প্রস্তাবটিতে নাইটিংগেল প্রাইমারি 1FE থেকে 2FE-তে সম্প্রসারিত করার জন্য প্রস্তাবিত পরিবর্তন সাধনের রূপরেখা দেওয়া হয়েছে যেখানে 31 আগস্ট 2024-এ বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলটি বন্ধ হওয়ার পর সেটির শিক্ষার্থীরা ভর্তি হতে পারে।

**Hackney**

কাউন্সিল যদি কোনও পদক্ষেপ গ্রহণ না করে অতিরিক্ত জায়গাগুলির সংখ্যা বর্তমানের মতোই রেখে দেয় তাহলে, এটি সরাসরি এবং নেতিবাচকভাবে হ্যাকনির একাধিক স্কুলের অর্থনৈতিক সংস্থানের উপর প্রভাব ফেলবে, যা শিক্ষার উপর প্রভাব ফেলবে। এই স্কুলগুলিতে শিশুদের যে মানের শিক্ষা এবং ক্লাসরুম সহায়তা দেওয়া হয়, সময়ের সাথে সাথে তার অবনতি ঘটবে, কারণ প্রভাবিত স্কুলগুলিকে বর্তমান শিক্ষার মান বজায় রাখার জন্য উদ্‌বৃত্ত তহবিল খরচ করতে হবে অথবা ঘাটতিতে চলতে হবে। এর ফলে ভাল মান এবং কার্যকর স্কুল পাওয়ার ক্ষেত্রে পিতামাতার পছন্দ থেকে এগুলি বাদ পড়বে।

**4. এলাকার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলির উপর প্রভাব**
এই প্রস্তাবটি বাডেন প্রাইমারি স্কুল এবং নাইটিংগেল প্রাইমারি স্কুলের সংযুক্তি সম্পর্কিত একটি প্রস্তাবের অংশ নির্মাণ করে, যা স্থানীয় এলাকায় শূন্য আসনগুলির সংখ্যা কমাবে।

**5. কর্মসূচীর খরচ এবং কীভাবে এটি পূরণ করা হবে তার ইঙ্গিত, কীভাবে দীর্ঘমেয়াদে এটির আর্থিক সার্থকতা অর্জিত হবে তা সহ**
এই প্রস্তাবটিতে কর্মসূচী সংক্রান্ত আনুষঙ্গিক খরচ কিছু নেই। বর্তমানের নাইটিংগেল স্কুলের ভবনটি 2019 সালে 2FE ধারণ করার জন্য তৈরি করা হয়েছে, তবে বিদ্যালয়টি 1FE হিসেবে পরিচালিত হচ্ছে। নাইটিংগেল প্রাইমারি স্কুলের প্রস্তাবিত নির্দিষ্ট পরিবর্তনের ফলে 1 সেপ্টেম্বর 2024 থেকে স্কুলের ধারণক্ষমতা 2FE-তে সম্প্রসারিত হবে এবং ফলস্বরূপ বর্তমান ভবনটি আরও বেশি করে কাজে লাগানো যাবে।

**6. বাস্তবায়ন পরিকল্পনা**
লোকাল অথরিটিকে প্রস্তাবগুলি বাস্তবায়িত করতে হবে। পরিকল্পনা করা হয়েছে যে নাইটিংগেল প্রাইমারি স্কুলকে 1FE থেকে 2FE-তে সম্প্রসারণ করার প্রস্তাবটি 1 সেপ্টেম্বর 2024 থেকে কার্যকর হবে। এর ফলে স্কুলটি, উভয় স্কুলের সংযুক্তির সময় বাডেন পাওয়েল প্রাইমারি স্কুলের শিক্ষার্থীদের জায়গা দিতে সমর্থ হবে। 2024/25 শিক্ষাবর্ষের জন্য, নাইটিংগেল প্রাইমারি স্কুল সমস্ত বর্ষ থেকে মিলিয়ে মোট 60 জন শিক্ষার্থীকে ভর্তি নেবে (রিসেপশন থেকে বর্ষ 6 পর্যন্ত) এর ফলে স্কুলের PAN বৃদ্ধি পেয়ে 210 থেকে 420 হয়ে যাবে।

**7. উপস্থাপনা করার পদ্ধতি (আপত্তি এবং মন্তব্য)**
এই প্রস্তাবটি প্রকাশিত হওয়ার চার সপ্তাহের মধ্যে যে কোনও ব্যক্তি https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals ওয়েবসাইটে গিয়ে অথবা schoolsufficiency@hackney.gov.uk ঠিকানায় ইমেইল পাঠিয়ে কোনও ব্যক্তি তার আপত্তি বা মন্তব্য জানাতে পারেন।

স্কুল সাফিসিয়েন্সি অ্যান্ড এস্টেটস টিম
হ্যাকনি কাউন্সিল
হ্যাকনি সার্ভিস সেন্টার
1 Hillman Street
London
E8 1DY

প্রতিক্রিয়া গ্রহণের শেষ তারিখ হল 3রা নভেম্বর 2023 বিকাল 5pm।

এই নথিটি নিম্নলিখিত ভাষায় অনুবাদ করা হয়েছে: বাংলা, তুর্কি, পর্তুগিজ, স্লোভাক ও স্প্যানিশ। যে পরিবারগুলির অতিরিক্ত একটি ভাষা হল ইংরেজি তাদের প্রয়োজন পূরণ করা নিশ্চিত করতে এই ভাষাগুলির প্রয়োজন হবে। পূর্ববর্তী পরামর্শের সময়কালে প্রভাবিত স্কুলগুলি এইগুলি চিহ্নিত করেছে। অনুবাদ করা সংস্করণগুলি এখানে দেখা যাবে: https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals. আপনার যদি এই নথিটির অন্য কোনও ভাষায় অনুবাদ পাওয়ার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সঙ্গে schoolsufficiency@hackney.gov.uk ঠিকানায় ইমেইলের মাধ্যমে করে যোগাযোগ করুন।